জামিন পেলেন ঝিনাইদহ ১ আসনের নৌকার প্রার্থী

নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে দায়েরকৃত ২ টি মামলায় জামিন পেয়েছেন ঝিনাইদহ ১ আসনের নৌকা প্রতীকের প্রার্থী আব্দুল হাই এমপি।

বৃহস্পতিবার সকালে ঝিনাইদহের অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালতের বিচারক বৈজয়ন্ত বিশ্বাসের আদালতে হাজির হয়ে জামিন আবেদন করলে আগামী ধার্য তারিখ পর্যন্ত জামিন মঞ্জুর করা হয়।

একই মামলার অপর দুই আসামী শৈলকুপা উপজেলা চেয়ারম্যান আব্দুল হাকিম ও সারুটিয়া ইউনিয়নের চেয়ারম্যান মাহমুদুল হাসান মামুন। এর আগে বুধবার তারা আদালতে হাজির না হওয়ায় এমপি আব্দুল হাই, উপজেলা চেয়ারম্যান আব্দুল হাকিম ও চেয়ারম্যান মাহমুদুল হাসান মামুনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে আদালত।

গত ২৪ ডিসেম্বর নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে শৈলকুপা উপজেলা নির্বাচন কর্মকর্তা তায়জুল ইসলাম বাদী হয়ে অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলি আদালতে পৃথক দুইটি মামলা দায়ের করেন।

মামলার আসামীপক্ষের আইনজীবি শামসুজ্জামান তুহিন বলেন, আমার মক্কেলদের বিরুদ্ধে মিথ্যা মামলা করা হয়েছিলো। আদালতে তা উপস্থাপন করার পর বিজ্ঞ আদালত তাদের জামিন মঞ্জুর করেছেন।

গাংনীতে নৌকার প্রার্থী ডাক্তার নাজমুল হক সাগরের ভোট

চেয়ে পথসভা

গাংনীতে নৌকা প্রার্থী নাজমুল হক সাগরের পক্ষে পথসভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সন্ধ্যার পর গাংনী সংসদীয় আসনের ধানখোলা ইউনিয়নের বিভিন্ন গ্রামে পথসভা করেন নাজমুল হক সাগর ও আওয়ামী লীগের বিভিন্ন নেতাকর্মীরা।

পথসভায় নৌকার প্রার্থী ডাক্তার নাজমুল হক সাগর ধানখোলা বাজারের বিভিন্ন ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করেন এবং ভোট প্রার্থনা করেন। বাংলাদেশ আওয়ামী লীগের নৌকা প্রার্থী ডা.নাজমুল হক সাগরকে পেয়ে ধানখোলা বাজারের ব্যবসায়ীরা আবেগ আপ্লুত হয়ে পড়েন। উৎসাহ এবং উদ্দীপনা নিয়ে ভোটকেন্দ্রে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন নৌকার প্রার্থী নাজমুল হক সাগরকে বিজয়ী করতে।

ধানখোলা বাজারে পথসভা শেষে তিনি জালশুকা গ্রামে পথসভা করতে যান। জালসুকা গ্রামে বিভিন্ন মোড়ে মোড়ে তিনি সাধারণ ভোটারদের সাথে মতবিনিময় করেন এবং নৌকাকে বিজয়ী করার জন্য তিনি নৌকায় ভোট চান।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সহ-সভাপতি সিরাজুল ইসলাম, গাংনী উপজেলার সাবেক চেয়ারম্যান এ্যাডভোকেট শফিকুল আলম, জেলা মহিলা আওয়ামীলীগ নেত্রী নুরজাহান বেগমসহ আওয়ামীলীগের নেতাকর্মী।

আচরণবিধি লঙ্ঘনে শোকজের জবাব দিলেন হানিফ-আতা

আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ অস্বীকার করে কুষ্টিয়া-৩ আসনের নৌকার প্রার্থী মাহবুব-উল আলম হানিফ ও তার ভাই নির্বাচন অনুসন্ধান কমিটির কাছে কারণ দর্শানোর নোটিশের জবাব দিয়েছেন।

মঙ্গলবার সকাল ১১টার দিকে নোটিশের নির্ধারিত সময়ের মধ্যে

মাহবুব-উল আলম হানিফ তার প্রতিনিধি রাষ্ট্রপক্ষের আইনজীবী (পিপি) অনুপ কুমার নন্দীর মাধ্যমে লিখিত জবাব দিয়েছেন বলে জানান আদালত পুলিশের পরিদর্শক মো. মনিরুল ইসলাম।

তিনি আরও জানান, হানিফের ভাই আতাউর রহমান আতা সশরীরে হাজির হয়ে তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করে লিখিত জবাব দাখিল করেছেন।

এর আগে রোববার বিকালে ওই আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির প্রধান যুগ্ম জেলা ও দায়রা জজ মুহাম্মদ মাযহারুল ইসলামের স্বাক্ষরে দুই ভাইকে নোটিশ পাঠানো হয়।

সেখানে ২৬ ডিসেম্বর সকাল ১১টায় অনুসন্ধান কমিটি প্রধানের কার্যালয়ে হাজির হয়ে এ দুজনের বিরুদ্ধে আনা অভিযোগের লিখিত ব্যাখ্যা চাওয়া হয়েছিল।

মাহবুব-উল আলম হানিফ এবার কুষ্টিয়া-৩ আসনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী। এ ছাড়া তিনি দলটির যুগ্ম সাধারণ সম্পাদক। তার চাচাতো ভাই আতাউর রহমান আতা কুষ্টিয়া সদর উপজেলা চেয়ারম্যান ও কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক।

আলাদাভাবে দুই ভাইয়ের বিরুদ্ধে আনা অভিন্ন অভিযোগে উল্লেখ করা হয়েছিল, কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়ে কুষ্টিয়া সদর উপজেলার মাধ্যমিক স্তরের শিক্ষকদের আয়োজনে সাতদিনের প্রশিক্ষণের শেষ দিনে প্রতিটি বিদ্যালয়ে গিয়ে শিক্ষকদের নির্বাচনি জনসভা করার জন্য বাধ্য করার অভিযোগ পাওয়া গেছে দুজনের বিরুদ্ধে। যা জাতীয় সংসদ নির্বাচনি আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ১৪ এর লঙ্ঘন।

এ বিষয়ে মাহবুব-উল আলম হানিফের প্রতিনিধি রাষ্ট্রপক্ষের আইনজীবী অনুপ কুমার নন্দী মোবাইল ফোনে বলেন, “আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে করা নোটিশের জবাব দিয়েছি অনুসন্ধান কমিটির কাছে এবং বিষয়টি নিষ্পত্তিও হয়ে গেছে।”

চুয়াডাঙ্গায় নৌকার প্রার্থীর ছেলুনের সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গায় নৌকা ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকের মধ্যে হামলা এবং আওয়ামী লীগ নেতা গ্রেফতারের ঘটনায় সংবাদ সম্মেলন করেছেন চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

আজ সোমবার বেলা সাড়ে ১১টায় জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে এ সম্মেলনের আয়োজন করা হয়।

এতে লিখ্তি বক্তব্যে নৌকার প্রার্থী ও বর্তমান সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, কয়েকদিন ধরে চুয়াডাঙ্গা সদরের শংকরচন্দ্র ও পদ্মবিলা ইউনিয়ন এলাকায় একজন স্বতন্ত্র প্রার্থীর কর্মীরা নৌকা মার্কার প্রার্থীর বিরুদ্ধে সরাসরি নৌকার প্রার্থীর নামে ব্যক্তিগতভাবে গালাগালী করে উত্তেজনা ছড়াচ্ছিলেন। এ ঘটনায় সরোজগঞ্জ পুলিশ ক্যাম্পের ইনচার্জ হারুন-অর-রশিদ তাদের সাথে যুক্ত হয়ে নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করছেন।

গত ২৩ ডিসেম্বরের রাতে ভান্ডারদহ গ্রামে নৌকার পক্ষে মিছিল বের হলে মিছিলের পিছন থেকে ঈগল মার্কা স্বতন্ত্র প্রার্থীর উপস্থিতিতে তার সমর্থকেরা গালাগালী করতে থাকে। একপর্যায়ে তাদের কর্মিরা অতর্কিত হামলা করে।

স্থানীয় প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে নৌকার প্রার্থী আরও বলেন, সেখানে পুলিশ পৌঁছালে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান আলী আহম্মেদ হাসানুজ্জামান মানিকসহ ৫ জনকে আটক করা হয়। পরে স্বতন্ত্র প্রার্থীর পক্ষে একজনকে বাদী সাজিয়ে মামলা করা হয়।

সংবাদ সম্মেলনে সরোজগঞ্জ পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই হারুন-অর-রশিদকে অবিলম্বে প্রত্যাহার এবং বিশৃঙ্খলা সৃষ্টির মূল হোতা আবু তাহের বিশ্বাসকে অবিলম্বে গ্রেপ্তার ও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলায় সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুনের পথসভা

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামী লীগের মনোনীত প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন স্থানে পথসভা করেছেন।

গতকাল শনিবার বিকাল থেকে চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের হায়দার পুর, ডিঙ্গেদহ, নিমতলা, কুষডাঙ্গা,বুষতলা, পিরোজখালী, সুবদিয়া, খেজুরা, বেলেকান্দি, নফরকান্দি, পাঁচমাইল বাজার, ধুরুরহাট সহ সদর উপজেলার বিভিন্ন স্থানে পথসভা করেন তিনি।

এ সময় তিনি বলেন, শেখ হাসিনা সরকার উন্নয়নের সরকার। জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রেখে যাওয়া সোনার বাংলাদেশ বাস্তবায়নে কাজ করে যাচ্ছে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশের গ্রাম থেকে শহর সকল পর্যায়ে উন্নয়ন হচ্ছে। এই উন্নয়নের ধারা যদি অব্যাহত রাখতে হয় তাহলে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা ও নৌকার বিজয় সুনিশ্চিত করতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন, পদ্মবিলা ইউনিয়নের সভাপতি খাঁজা শাহাবুদ্দিন, সাধারণ সম্পাদক আমজেদ, পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম মন্ডল, হায়দার পুরের সাবেক মেম্বার শহিদুল ইসলাম বিশ্বাস, পদ্মবিলা ইউনিয়ন যুবলীগের সভাপতি বনফুল, ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সুমন, সাবেক মেম্বার ফয়জুল হক, আওয়ামী নেতা মিরাজুল ইসলাম, আব্বাস আলী, বায়েজিদ জোয়ার্দার, ইদ্রিস আলী, যুবলীগ নেতা রুবেল, ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক আমান, ফাহাদ, ইসরাফিল, নয়ন, তাফসির, রাশিদুল, মজিবুল, নাইম, আসিফ, রাব্বি, সাধন, শিশির, শাকিল, সোহাগ, আকাশ সহ ইউনিয়ন আওয়ামী লীগ যুবলীগ ছাত্রলীগ কৃষক লীগের নেতাকর্মী।

কাথুলীর গাড়াবাড়ীয়াতে নৌকার প্রার্থী নাজমুল হক সাগরের কর্মী সভা

কাথুলীর গাড়াবাড়ীয়াতে নৌকা মনোনীত প্রার্থী নাজমুল হক সাগরের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার রাত ৭ টার সময় কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানার নিজ রাজনৈতিক কার্যালয়ে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।

কর্মী সভা অনুষ্ঠানে কাথুলী ইউ পি চেয়ারম্যান মিজানুর রহমান রানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৭৪ মেহেরপুর
- ২ আসনের আওয়ামী লীগের মনোনীত নৌকা প্রার্থী এ এস এম নাজমুল হক সাগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারন সম্পাদক ও সাবেক গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাডঃশফিকুল আলম,গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী,কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজা সহ কাথুলী ইউনিয়ন পরিষদের মেম্বার ও মহিলা মেম্বার বৃন্দ। আরো উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের প্রতিটি ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদক বৃন্দ।

আজকের এই কর্মী সভায় ২ নং ওয়ার্ড গাড়াবাড়ীয়া গ্রামের মিজানুর রহমান রানা চেয়ারম্যানের নির্বাচনী কর্মীবৃন্দরা উপস্থিত ছিলেন।

এ সময় কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক ত্রান ও সমাজ কল্যান সম্পাদক মিজানুর রহমান রানা জানান আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রধান মন্ত্রী শেখহাসিনার মনোনীত ও পছন্দের প্রার্থী ডাঃসাগর কে ব্যাপক ভোটে বিজয় লাভ করিয়ে ৭৪ মেহেরপুর ২ গাংনী আসনটি উপহার দিব ইনশাআল্লাহ। তবে এই নির্বাচনে ভোটারের কাছে সরকারের উন্নয়ন তুলে ধরে ভোট সংগ্রহ করার সৈনিক হিসেবে কাজ করতে হবে আপনাদের কে।আপনাদের ভূমিকায় এখানে মূখ্য।

কর্মী সভায় নৌকা মনোনীত প্রার্থী নাজমুল হক সাগর জানান আপনারা জানেন আমার বাবা সাবেক সংসদ সদস্য নূরুল হক গাংনী আপামর জনগনের জন্য কাজ করে গেছেন সেই সুবাদে জননেত্রী শেখ হাসিনা আমাকেও নৌকা প্রতীক দিয়ে আপনাদের কাছে আসার সুযোগ করে দিয়েছেন। আমি নির্বাচিত হলে আপনাদের কাউকে ব্যাক্তিগত ভাবে হয় তো গাড়ি বাড়ি উপহার দিতে পারবো না তবে এই গাংনী উপজেলা হবে বাংলাদেশের অন্যতম স্মার্ট উপজেলা। প্রধান মন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ বিনির্মানে আমরাও অগ্রনি ভূমিকা রাখবো। আপনাদের সুখে দুঃখে পাশে থেকে আমার শেষ নিঃশ্বাস ত্যাগ করতে চাই। সৃষ্টি কর্তার কাছে আমার চাওয়া পাওয়া কিছু নেই সব দিয়েছেন এখন যদি চান আপনাদের সন্তান এবং ভাই হিসেবে আমাকে ভালোবাসা দিয়ে আপনাদের সেবক হিসেবে সুযোগ করে দিবেন তাহলে এতটুকু বলতে পারি সরকারের সর্বোচ্চ সেবাটুকু প্রতিনিধি হিসেবে আপনাদের দৌড় গোড়া পৌছে দিব। আপনাদের কাছে অনুরোধ রাখবো আগামী নির্বাচনে জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা অভ্যাহত রাখতে নৌকা মার্কায় ভোট দিয়ে আপনাদের সেবা করার সুযোগ করে দিন।

চুয়াডাঙ্গা-১ আসনের নৌকা প্রার্থী ছেলুনের মনোনয়ন পত্র দাখিল

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে আওয়ামীলীগের মনোনীত নৌকার প্রার্থী সোলায়মান জোয়ার্দার ছেলুন আলমডাঙ্গা নির্বাচন অফিসে মনোনয়ন পত্র দাখিল করেছেন।

আজ বেলা ১২ টার দিকে দলীয় নেতা কর্মি সাথে নিয়ে সহকারি রির্টানিং কর্মকর্তা স্নিগ্ধা দাসের কাছে মনোনয়ন পত্র জমাদেন। এসময় উপজেলা নির্বাচন কর্মকর্তা, জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দার টোটন,সাবেক সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান,উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা,সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,পৌর আওয়ামীলীগের সভাপতি

দেলোয়ার হোসেন।

এর পুর্বে এমপি প্রার্থী সোলায়মান হক জোয়ার্দার ছেলুন আলমডাঙ্গায় পৌছালে নেতা কর্মিরা তাকে বাদ্যযন্ত্র বাজিয়ে ফুলেল শুভেচ্ছায় শিক্ত করেন।

এ সময় নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দার টোটন,সাবেক সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান,মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম খান,উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি আলাউদ্দিন হেলা,সম্পাদক আব্দুল কাদের,জেলা যুবলীগের সাবেক আহবায়ক আরেফিন আলম রঞ্জু,মতিয়ার রহমান ফারুক,যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,সপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, ভাংবাড়িয়া ইউপি চেয়ারম্যান সোহানুর রহমান সোহান,মোজাদিদুর রহমান জোয়ার্দার লোটাস, হারদীর আসিকুজাজামান ওল্টু,কুমারি আবু সাইদ পিন্টু, গাংনীর মুন্সি ইমদাদুল হক, কালিদাশপুর আসাদুল হক মিকা, ডাউকির তরিকুল ইসলাম,বেলগাছির মাহমুদুল হাসান চঞ্চল, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক সিরাজুল ইসলাম, আবাদুল মালেক, আবু তাহের, জয়নাল আবেদীন, কামরুজ্জামান শামিম, জামজামির দিদার আলী, শাহনুর রহমান, বাবলু চৌধুরি, সোহেল রানা শাহেন, কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, আব্দুল্লাহ আল হুসাইন, রকি, সাকিব, অটল, হাসান, সৈয়কত খান প্রমুখ।

গাংনী আসনে নৌকার প্রার্থী ডা. সাগরের মনোনয়ন পত্র জমা

মেহেরপুর ২ সংসদীয় আসন গাংনীতে মনোনয়ন পত্র জমা দিয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থী ও মেহেরপুর জেলা

আওয়ামী লীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা. আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর।

বৃহস্পতিবার (৩০ শে নভেম্বর) দুপুর ২ টার দিকে নেতাকর্মী ও সমর্থকদের সঙ্গে নিয়ে সহকারী রিটার্নিং কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার কাছে মনোনয়নপত্র জমা দেন তিনি।

এসময় জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাডভোকেট শফিকুল ইসলাম, মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, পৌর মেয়র আহম্মেদ আলী, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, মটমুড়া ইউপির চেয়ারম্যান সোহেল আহমেদ, কাথুলী ইউপির চেয়ারম্যান মিজানুর রহমান রানা, তেঁতুলবাড়ীয়া ইউপির চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস সহ নেতাকর্মী ও সমর্থকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, ১৫ নভেম্বর দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। তফসিল অনুযায়ী, প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেওয়ার পর রিটার্নিং কর্মকর্তারা তা বাছাই করবেন ১ থেকে ৪ ডিসেম্বর, রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে কমিশনে আপিল দায়ের ও নিষ্পত্তি ৫ থেকে ১৫ ডিসেম্বর, প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ১৭ ডিসেম্বর। রিটার্নিং কর্মকর্তারা প্রতীক বরাদ্দ করবেন ১৮ ডিসেম্বর। নির্বাচনী প্রচার চলবে ৫ জানুয়ারি সকাল ৮টা পর্যন্ত। আর ভোটগ্রহণ হবে ৭ জানুয়ারি।